

নং-সদেক/২০২৫/হিসাব/এন-১/১০৬

তারিখ: ১৩/০৭/২০২৫ খ্রি.

২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তির প্রাথমিক আবেদনের সময় বৃদ্ধি সম্পর্কিত বিজ্ঞপ্তি:

সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) প্রোগ্রামে ভর্তিচ্ছু শিক্ষার্থীরা জাতীয় বিশ্ববিদ্যালয়ের ভর্তি বিষয়ক ওয়েবসাইটে (www.nu.ac.bd/admissions) প্রবেশ করে ১৫/০৭/২০২৫ হতে ৩০/০৭/২০২৫ তারিখের মধ্যে ভর্তির প্রাথমিক আবেদন ফরম পূরণ এবং উপায়/বিকাশ/নগদের মাধ্যমে আবেদন ফি জমা দানের ক্ষেত্রে আবেদনকারীর করণীয় সংক্রান্ত নির্দেশনা:

১। বিজ্ঞপ্তির শর্ত অনুযায়ী আগামী ১৫/০৭/২০২৫ হতে ৩০/০৭/২০২৫ তারিখের মধ্যে ভর্তির যোগ্যতা অর্জনকারী শিক্ষার্থী জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.ac.bd/admissions)- এ প্রবেশ করে প্রাথমিক আবেদন যথাযথভাবে পূরণ করে Submit এর পর ডাউনলোডকৃত পিডিএফ কপি প্রিন্ট নিয়ে উপায়/বিকাশ/নগদের মাধ্যমে ৪০০/- (চারশত) টাকা মাত্র ফিস পরিশোধ করে রশিদসহ প্রয়োজনীয় কাগজপত্র রসায়ন বিভাগের বারান্দায় (কমিটির নিকট) ০৩/০৭/২০২৫ তারিখের মধ্যে (সকাল ১০.০০ টা হতে দুপুর ১.০০ টা পর্যন্ত সরকারি ছুটির দিন ব্যতিত) জমা দিয়ে আবেদন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।

২। উপায়/বিকাশ/নগদে ফি প্রদানের পদ্ধতি: উপায়/বিকাশ/নগদ এর অ্যাপে গিয়ে Pay Bill সিলেক্ট করে Education সিলেক্ট করতে হবে। অতঃপর Govt. Debendra College সিলেক্ট করলে Bill period ও Enter Student ID আসবে। এখানে চলতি মাসের নাম সিলেক্ট করে শিক্ষার্থীরা তাদের ৭ ডিজিটের ভর্তির রোল (জাতীয় বিশ্ববিদ্যালয়ের) দিয়ে ট্যাপ করলে শিক্ষার্থীর নামসহ টাকার অংক আসবে। টাকার পরিমাণ দেখে নিশ্চিত হয়ে সিলেক্ট করে প্রয়োজনীয় পিন নম্বর প্রদান পূর্বক ফিস প্রদান করে জমা রশিদের প্রিন্ট নিতে হবে।

৩। প্রাথমিক আবেদনপত্রে কোন প্রকার ভুলের জন্য আবেদনকারী দায়ী থাকবে। তাই প্রাথমিক আবেদন ফরমটি সতর্কতার সাথে পূরণ করতে হবে।


আবেদন ফরমের সাথে যে সব কাগজপত্র জমা দিতে হবে:

০১। জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট থেকে ডাউনলোডকৃত প্রাথমিক আবেদন ফরম ১ কপি।


০২। স্নাতক (পাস) পরীক্ষার নম্বরপত্র ও রেজি: কার্ডের ফটোকপি ১টি করে।

০৩। বিকাশ/নগদ/উপায়-এর মাধ্যমে ফি জমাদানের রশিদের মূল কপি জমা দিতে হবে এবং ফটোকপি শিক্ষার্থী সংরক্ষণ করবে।

বি.দ্র.- উপায়/বিকাশ/নগদ এর মাধ্যমে টাকা জমা দেওয়ার সময় কোন জটিলতা দেখা দিলে সাথে সাথে কলেজের আইসিটি বিভাগে (কক্ষ নং-১০৭) যোগাযোগ করতে হবে।

প্রতিস্বাক্ষর

১৩/০৭/২০২৫
অধ্যক্ষ

সরকারি দেবেন্দ্র কলেজ
মানিকগঞ্জ।


১৩/০৭/২০২৫
(আফরোজা বেগম)

সহযোগী অধ্যাপক, দর্শন

ও

আহবায়ক

প্রিলিমিনারী টু মাস্টার্স (নিয়মিত) ভর্তি কমিটি/২০২২-২০২৩
সরকারি দেবেন্দ্র কলেজ, মানিকগঞ্জ।